**বাংলাদেশ পর্যটন করপোরেশন**
প্রশাসন শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.parjatan.gov.bd

**বাপক-এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাহাত আনোয়ার<br>চেয়ারম্যান (গ্রেড-১) |
| সভার তারিখ | ২৫-০৬-২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | 'ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud Meeting)' পর্যটন ভবন, বাপক, প্রধান কার্যালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**২. আলোচনা:**

২.১। সভাপতি ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সংযুক্ত উপস্থিত সুধীজন ও সম্মানিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব জিয়াউল হক হাওলাদার, ব্যবস্থাপক (জনসংযোগ) অংশীজনের অংশগ্রহণে সভাটি সঞ্চালনা করেন। সভায় সংযুক্ত ছিলেন বাপক-এর সম্মানিত পরিচালক (বাণিজ্যিক) ও যুগ্মসচিব জনাব জামিল আহমেদ, বাপক-এর মহাব্যবস্থাপকবৃন্দ, ব্যবস্থাপক ও উপব্যবস্থাপকবৃন্দ। এছাড়া পর্যটন অংশীজনদের মধ্যে উপস্থিত ছিলেন ড. সন্তোষ কুমার দেব, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ডিপার্টমেন্ট অব ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়; ড. সৌদ আহমেদ, সহযোগী অধ্যাপক, ডিপার্টমেন্ট অব ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়; জনাব মোঃ শিবলুল আজম কোরায়শী, সভাপতি, টোয়াব; জনাব খবির উদ্দিন আহমেদ, প্রেসিডেন্ট, ট্রিডাব; জনাব মহিউদ্দিন হেলাল, সম্পাদক, পর্যটন বিচিত্রা; সৈয়দ হাবিব আলী, চেয়ারম্যান, টিডাব প্রমুখ। সভায় বিভিন্ন বিষয়ে সকলের মূল্যবান বক্তব্য / মতামত / পরামর্শ / অভিযোগ গ্রহণ করা হয়। অংশগ্রহণকারীগণ তাঁদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন। সভার শুরুতেই এ বিষয়ে গত ২৮-০২-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহে সকালের নাস্তাসহ অন্যান্য খাবারে বৈচিত্র্য আনতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; | বাপক-এর হোটেল/মোটেলসমূহে খাবারের বৈচিত্র্য আনয়নের লক্ষ্যে ইতোমধ্যে কতিপয় ইউনিটে নতুন মেন্যু অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে মোট ৭টি লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬টি মেন্যু ইতোমধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া গত ২০২১-২২ অর্থবছরেও মোট ৭টি সহ সর্বমোট ১৩টি নতুন মেন্যু ইতোমধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ২. | বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহে বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা সরবরাহের উদ্যোগ গ্রহণ করতে হবে। উপযুক্ত ইউনিটসমূহের ছাদ এবং ফাঁকা জায়গায় সোলার প্যানেল থেকে বিদ্যুৎ সংগ্রহ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে; | বাপক-এর হোটেল/মোটেলসমূহে বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা সরবরাহের নিমিত্ত ক্রমান্বয়ে জেনারেটর সংযোজন করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, বাপক-এর দুই/একটি বাদে অধিকাংশ হোটেল/মোটেলসমূহে সোলার প্যানেল সংযোজন করা আছে। উপরন্তু, নতুন গৃহীত প্রকল্পসমূহে সোলার প্যানেলসহই পূর্ত কাজ সম্পন্ন করা হচ্ছে। |
| ৩. | বাপক-এর বিপণন ও জনসংযোগ ব্যবস্থাকে আরো জোরদার করতে হবে। এই খাতে আরো বেশি বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে গত অর্থবছরের তুলনায় ব্যবসায়িক উন্নয়ন খাতে ও বাণিজ্যিক প্রচারণা বেশি বাজেট বরাদ্দের সুপারিশ করা হয়েছে। |
| ৪. | বাপক-এর ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিটের মাধ্যমে পরিচালিত ঢাকা-টুঙ্গিপাড়া-ঢাকা প্যাকেজ ট্যুর সহ অন্যান্য ট্যুরের সাথে অংশীজনদের সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিটের মাধ্যমে পরিচালিত প্যাকেজ ট্যুর সহ অন্যান্য ট্যুরের সাথে অংশীজনদের সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

২.২। সভার প্রথমেই সৈয়দ হাবিব আলী, চেয়ারম্যান, টিডাব কতগুলো বিষয়ে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। তিনি হোটেল/মোটেলসমূহে সোলার প্যানেলগুলোর কার্যক্ষমতা বৃদ্ধি করতে অন গ্রিড থেকে অফ গ্রিড করার পরামর্শ প্রদান করেন। জরুরি প্রয়োজনে হোটেল/মোটেলসমূহের ন্যূনতম ০৪ (চার)টি জায়গায় তাৎক্ষণিক আলোর ব্যবস্থা থাকা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। বাপক-এর লোগো এবং নাম সম্বলিত টিস্যু পেপার-এ ব্যবহৃত রং স্বাস্থ্যসম্মত নয় বলে তিনি মন্তব্য করেন।

এছাড়া NHTTI-এর পাশাপাশি দেশের অন্যান্য বিভাগ/জেলাতেও বাপক-এর স্থাপনাসমূহে দূরশিক্ষণের মাধ্যমে NHTTI-এর প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার বিষয়ে তিনি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

২.৩। এরপর জনাব মহিউদ্দিন হেলাল, সম্পাদক, পর্যটন বিচিত্রা বলেন যে, যুগের প্রয়োজনীয়তার নিরিখে বাপক-এর বিপণন ও জনসংযোগ ব্যবস্থাকে আরো শক্তিশালী করা যেতে পারে। হোটেল/মোটেলসমূহে অক্যুপেন্সি'র হার পুঙ্খানুপুঙ্খ যাচাই করে বর্তমান পর্যটকদের ধারা বুঝতে এবং সে অনুযায়ী বিপণন কার্যক্রম পরিচালনার বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন। সবশেষে বাপক-এর সেবার একটা একক মান বজায় রাখা বিশেষ করে এ্যমেনিটিজসমূহ একক ব্র্যান্ডেড করার বিষয়ে তিনি আলোকপাত করেন।

২.৪। অতঃপর জনাব খবির উদ্দিন আহমেদ, প্রেসিডেন্ট, ট্রিয়াব প্রশিক্ষণ ও সেবা প্রদানের মানসিকতা সর্বক্ষেত্রে অটুট রাখার বিষয়েও বাপক-এর সকল কর্মকর্তা/কর্মচারীর দৃষ্টি আকর্ষণ করেন।

২.৫। ড. সৌদ আহমেদ, সহযোগী অধ্যাপক, ডিপার্টমেন্ট অব ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়, শিক্ষার্থীদের শিক্ষানবিশ (attachment) পর্ব আরো জোরদার করার বিষয়ে সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

২.৬। জনাব মোঃ শিবলুল আজম কোরায়শী, সভাপতি, টোয়াব তাঁর বক্তব্যে বলেন যে, বাপক-এর কর্মীদের প্রশিক্ষণের পাশাপাশি সেবা প্রদানে ইতিবাচক মানসিকতা বজায় রাখতে হবে। এছাড়া তিনি কক্সবাজারে বিশেষ করে হোটেল শৈবাল সংলগ্ন এলাকায় কটেজ নির্মাণ ও নতুন আঙ্গিকে ব্যবসা পরিচালনার বিষয়ে মতামত প্রদান করেন।

২.৭। ড. সন্তোষ কুমার দেব, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ডিপার্টমেন্ট অব ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের পর্যটন খাতে বাপক-এর অবদানের জন্য সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি বাপক-এর হোটেল/মোটেলসমূহের আধুনিকায়নের উপর জোর দিতে তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়া ডিজিটাল ব্র্যান্ডিং আরো জোরদার করতে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

পরিচালক (বাণিজ্যিক) মহোদয় তাঁর পরিচিতি বক্তব্যে সকলকে ধন্যবাদ জানান এবং উত্থাপিত বিষয়সমূহ ইতিবাচকভাবে গ্রহণ করা হবে এবং সভাপতি মহোদয়ের নেতৃত্বে বাপক-এর সেবার মান বৃদ্ধিতে সর্বোচ্চ আত্মনিয়োগ করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সকলের মূল্যবান মতামত যথাযথভাবে পরিপালন করা হবে মর্মে অংশীজনবৃন্দকে বলেন। একইসাথে বাপক-এর সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে উদ্যোগ নিতে নির্দেশনা প্রদান করেন।

**৩। সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- জনবল নিয়োগ ও বাজেট বরাদ্দ করে বাপক-এর বিপণন ও জনসংযোগ ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে হবে;
- বাপক-এর অধীন NHTTI-এর শিক্ষার্থীদের শিক্ষানবিশ (attachment) পর্ব আরো জোরদার করতে হবে;
- বাপক-এর হোটেল/মোটেলসমূহের আধুনিকায়ন ও ডিজিটাল ব্র্যান্ডিং আরো জোরদার করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৬/২০২৩

(মোঃ রাহাত আনোয়ার)
চেয়ারম্যান (গ্রেড-১)

স্মারক নম্বর: ৩০.০৩২.০১৮.২০.০১.০৭২.২০২০(৯)/ ২৪

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক ------------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
২) মহাব্যবস্থাপক ------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
৩) অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, মহাখালী, ঢাকা;
৪) ব্যবস্থাপক ---------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৮/০৬/২০২৩

(মোহাম্মদ শওকত ওসমান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)